


# বিজ্ঞান বাবু । ৪৪৬




প্রহসন ।



শ্রীমুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

প্রণীত ।




কলিকাতা,

১০০১১ নং মেছুয়াবাজার স্ট্রীট

বাঙ্গীকি যন্ত্রে

কালীকিঙ্কুর চক্ৰবৰ্তী কৰ্তৃক মুদ্রিত ও প্ৰকাশিত ।

মন ১২৯৪ সাল ।



## ପୁରୁଷ ।

ଗୌରହରି ଯୁଧୋପାଠ୍ୟାର । କଲିନ୍ଦାତାର ଏକଙ୍ଜନ ଧନାଚ୍ୟ ବ୍ୟକ୍ତି ।

ଶୀତଳଚନ୍ଦ୍ର ।

ଗୌରହରି ବାବୁର ବନ୍ଦୁ

ନଗେନ୍ଦ୍ରନାଥ ବନ୍ଦୁ ।

ଶାଶ୍ଵତ ସଂବାଦପତ୍ରେର ମଞ୍ଚାଧକ ।

ଆଧନ ।

ଗୌରହରି ବାବୁର ପୁତ୍ର ।

ବ୍ୟାମକାନ୍ତ ।

ଉତ୍ତରତଶୀଲତ୍ରାନ୍ତ ଉକୌଳ  
ବିଜ୍ଞାନେର ଶିକ୍ଷାନବୀମ ।

ଅବିନାଶ ।

ପ୍ରସିଦ୍ଧ ଅର୍ଥ ପୁସ୍ତକ ଲେଖକ ।

ଦାୟୁ ବେହାରା ।

## ସ୍ତ୍ରୀ ।

ଚନ୍ଦ୍ରସ୍ତ୍ରୀ ।

ଗୌରହରି ବାବୁର ସ୍ତ୍ରୀ ।

ହେମତ କୁମାରୀ ।

ନଗେନ୍ଦ୍ର ବାବୁର ସ୍ତ୍ରୀ ।

ଦାସୀ ।



# বিজ্ঞান বাবু

প্রথম।



প্রথম অক্ষ।

প্রথম গৰ্ভাক্ষ।

গৌরহরি বাবুর বৈঠকখানা।

গৌরহরি শীতলচন্দ, রামকান্ত আসৌন।

শীতল। আজ বিজয়া দশমী, মনোমালিন্ত ভূলে গিয়ে  
পরম শক্রকেও আজ আলিঙ্গন কর্তে হয়, কিন্তু মনুষ্যের  
মন সহজে শক্রতা ভুল্তে পারে না বলে লোক ভেদে  
ব্যবস্থার ভেদ হয়েছে। বৈরনির্গ্যাতন চিহ্ন আমাদের  
হৃদয় চিরদিন যে পরিমাণে অধিকার করে থাকে মনের  
কৃপাক্ষের ব্যতীত তাহা সহজে দূর করা যায় না; অথচ  
শক্রকে আলিঙ্গন করে হৃদয়ের মহত্ব প্রকাশ করা নিতান্ত  
'প্রয়োজন।

রামকান্ত। শীতল বাবু! আপনার কথা ওনে প্রাণে  
বড় ব্যথা পেলেম, আপনি ওরূপ কথা বলবেন না।  
আপনি আপনার হৃদয়ের বাহিক ও আভ্যন্তরিক তাৰ  
এককৰে দেখুন, সেৱুপ কৱে যাহাকে আলিঙ্গন দেওয়া  
উচিত তা'কে প্রাণখুলে আলিঙ্গন দিন; কিন্তু অন্তৱে  
শক্তাকে পোষণ কৱে বাহিৱে কোল দেওয়া ধৰ্ম-বিপৰ্হিত।  
এতে কি আপনার হৃদয় স্ফুর্ধী হবে? ওরূপ কল্পনা ঈশ্বৱের  
নিকট আপনি দোষী হবেন।

গৌরহরি। গুটা কি জান রামকান্ত বাবু, গুটা আমা-  
দিগের লৌকিক প্রথা। এতে আৱ ধৰ্মাধৰ্ম কি আছে বলুন?

শীতল। আপনি যা বলেছেন সত্য; যে বৈবাহিকের  
নিকট হ'তে নালিস্ কৱে টাকা আদায় কৰ্তে হয়েছিল,  
আবাৰ যিনি পূজাৱ সময় আমাৱ প্ৰাপ্য পাওনা দিতে  
কুষ্ঠিত; যে ক্ষতি পূৱণেৱ জন্য court খুল্লেই আমায় আই-  
নেৱ আশ্রয় নিতে হবে; তা'কে বিজয়াৱ দিন কোল দিতে  
হ'লে প্রাণটা যেন গুটিয়ে আসে, আৱ হাত ছুটো বাৱ-  
কৰ্তে ইচ্ছা হয় না।

রামকান্ত। কাল্পনিক পূজাৱ জন্য আপনাৱা কিনা  
কচেন; এতকষ্ট কৱে যে, টাকা উপাৰ্জন কৱেন, কিনা  
একটা মাটিৱ ঠাকুৱ খাড়া কৱে টাকা গুলো বেজায় উড়িয়ে  
দেন। ছিঃ ছিঃ আমাদেৱ দেখলে ও লজ্জা হয়। মাটিৱ  
ঠাকুৱ দেবতা বলে পূজা কৱা কতদুৱ ছোট মনেৱ কাজ  
বল্তে পাৱি না।

শীতল। গৌরহরি বাবু! আপনাকে বলবো কি, পূজার  
সময় আমাৰ বৈবাহিক ধৰচ দিতে কৃষ্ণিত হওয়াতে পূজ্য-  
পাদ, সজীব-দুর্গাৰ সেই নিত্যপ্ৰকৃটি কোকনছ-সদৃশ  
চৱণ শোভী আশীভৱিৰ ডায়মনকাট। নৃতন মল চাৰ-গাছি  
অতিশয় অনিছ। সত্ত্বেও বিক্ৰয় কৱে এই ধড়ো-দুর্গা  
পূজাৰু সময় ধৰচ চালাতে হয়েছে। যা'ৱ জন্ম আজও  
অসুৱ-মৰ্দিনী মহাশক্তিৰ সাক্ষীস্বরূপ আমাৰ দেহে শতমুখী  
বিক্রিচ্ছ প্ৰকাশ পাচ্ছে, সেই বৈবাহিককে যে আলিঙ্গন  
কৱবাৰ প্ৰথা প্ৰচলিত আছে এটা বড় অগ্নায়—নিষ্ঠাম ধৰ্মেৰ  
চূড়ান্ত আদৰ্শ, সাম্যেৰ চিহ্ন, মৈত্রীৰ কৰিতা, জাতীয়তেদেৱ  
দীপশিখাৰ ঘায়।

ৱামকান্ত। গৌরহরি বাবু! আপনি কল্কেতাৰ একজন  
বৰ্কিষ্ঠ লোক, আপনাৰ উচিত এই লোকাচাৰ বিৰুদ্ধ  
বিজয়াৰ কোলাকুলী প্ৰথা তুলে দেওয়া। পৌত্ৰলিকতাৰ  
আগ্নায় দেওয়া আপনাৰ ঘায় লোকেৱ উচিত নহে।  
এই শুভ দিনে আপনি একবাৰ বলুন—

ত্ত্ব একমেৰা দ্বিতীয়ং।

শীতল। ৱামকান্ত বাবু! দিন কতক আগে যদি এই  
প্ৰামণ্ড আমাৱ দিতেন, তাহ'লে আৱ এত কষ্ট হ'ত না;  
আমি স্বয়ং চৈতন্তেৰ মত হুই হাত তুলে

ত্ত্ব একমেৰা দ্বিতীয়ং

বল্তাম; আমাৰ ঘৱেৱ মহিষমৰ্দিনীকেও একবাৰ কেন,

তুই তিন বার পর্যন্ত বলিয়েনিতাম। আর সমাজে বসে  
শ্রী পুরুষের সঙ্গে

### “শান্তি শান্তি শান্তি”

বলে চলে আস্তেম। (গৌরহরি বাবুর প্রতি) হজুর !  
একে অশুরবধ, তাতে আচার্যের আয় বেদিতে বসেছি,  
এতেও যদি দামোদর-কংশ-দর্পহারী না দেখাদেন তবে  
দুর্গানামে কলঙ্ক হ'বে। Native champagne এর সহিত  
দেখা নাহলে মনের চাঞ্চল্যতা দূর হবে না।

গৌরহরি। ওরে নিয়ে আয় (হাস্ত) শীতল বাবু, শীতল  
হয়ে থাকেন।

সিদ্ধি লইয়া দামু বেহারার প্রবেশ।

এই ধানে রাখ ; তাল করে বেটেচিস্ত ?

দামু। কর্তা মশয় ! তোমারও লুন থাইচি, সে আপনি  
বা কবে তা কাঁই না করিব। আপনি মুনিব আছ ; কর্তা  
মশয়, সে তোমার কথা না করিব কাঁই, ইয়াডু ঠাকুর দেইচি  
সে ঘোর ঘরে যে জগড়নাথ আছু পারা সেয়েডু ইয়া  
দেইছি।

শীতল। তা বেশ করেছ দামু ; দেবতার প্রসাদ ভক্ষণ  
কল্পে পুণ্য হয়, আর তা না হউক শরীরটা একটু তাজা  
হ য। তুমি একবার তামাক নিয়ে এস।

বেহারা। ধাইচি, ধাইচি।

দামু বেহারার প্রস্থান।

শীতল। রামকান্ত বাবু! আহুন, Native chambagne এ একবার বাহার দেওয়া যাক।

রামকান্ত। আমাকে মাপ করবেন।

গৌরহরি। কেন রামকান্ত বাবু?

রামকান্ত। আমি Band of hope এ নাম লিখিয়েছি।

শীতল। তোমার সে অরূপ বরণ নীল ফিতে কোথা?

রামকান্ত। সেটা সঙ্গে নাই।

শীতল। কথাটা বড় প্রাণে শাগ্লো না। প্রয়াগের  
মত তোমার মনের ভাব, আর মুখের কথা, যেন উৎসে  
উৎসে মুক্ত হয়ে যাচ্ছে। আমি তোমার মনের কথাটা  
বুঝেছি। হিন্দু ধর্মের ভক্ষ্য ভোজ্য হিন্দুধর্মস্থৈ কালা-  
পাহাড় থাবে কেন? বল দেখি রামকান্ত বাবু! তোমার  
আক্ষদর্শের দিকি, তোমার আচার্যের দিকি, তোমার সেই  
মুল্দিরের-বেদৌর দিকি আমার অনুমান ঠিক কিনা?

রামকান্ত। শীতল বাবু! সে কারণেও যদি হয় তা  
হলেও ক্ষতি কি?

গৌরহরি। (হাস্য করিয়া) রামকান্ত বাবু! এ কথা সত্য  
নাকি?

শীতল। আরে মহাশয় সত্য নাকি? উনি এখন  
কথা ছুঁয়ে কাজি হয়েছেন—আর কেন হয়েছেন তাও  
আমি বুবাতে পেরেছি—ও'র ঢটো বিয়ে, দ্বিপদ্মীক হয়ে উনি  
কিছু ব্যস্ত হয়েছিলেন; উনি একটিকে ভাল বাসিতেন  
বা বাসেন; আর একটির অন্ন বয়স স্বতরাং “বিকাল হেঠো

‘সতি বিক্রিয়ন্তে’। সেই ছোট সতী বিক্রয় করবার জন্য  
স্বয়ং কল্পকর্তা হয়ে বিবাহ দিবার ইচ্ছা ও র হৃদয়ে বড়  
বলবত্তৌ হয়ে উঠেছিল। কিন্তু গুরুপ গৌরীদানের ফল  
হিন্দুধর্মে নাই, তাই কাজি হয়েছেন।

রামকান্ত। শীতল বাবু! আপনি বোধ হয় আপ-  
নার সৌমার অধিক যাকেন। দেখুন ধর্ম সম্বন্ধে তর্ক  
করা বড় অগ্রায়, আমাদের ধর্ম হিন্দুধর্মের রূপান্তর মাত্র।

শীতল। বটে, বটে, ও বিষ্ণু; এই রূপান্তরকি কেবল  
দাঢ়িতে আর মসিদের ভেতর ভাই ভগী নিয়ে চোক  
বুরাতে। গৌরহরি বাবু! Native champagne আদুর  
দিন, আমিই ওর Justice কচি। মহাদেবের নেসার  
মর্যাদা হিন্দু ভিন্ন আর কেউ রাখতে পারবেনা। (গোসে  
সিকি চালিয়া পান)। (গৌরহরি বাবুর প্রতি) আপনার  
চল্বে কি, না আমি একাই জহুমুনি হ'ব। রামকান্ত  
বাবু! একটু অপেক্ষা করুন তার পর মাথনের কাছে  
বিজ্ঞান শিখতে যাবেন—মুধা ভক্ষণ করে যদি গরল উঠে  
তবে তোমার।

গৌরহরি। (সিকিপান করিয়া) ওরে তামাক দে।

রামকান্ত। অনুমতি হলে আমি মাথন বাবুর কাছে  
ধাই।

শীতল। আরে তাও কি হয়, তুমি গেলে গরল ধায় কে?

গৌরহরি। বসুন, আমি মাথনকে ডাক্তে বল্চি।  
ওরে মাথন বাবুকে ডেকে নিয়ে আয়।

(নেপথ্য)। আজে থাই।

রামকান্ত। আমার আর একটা engagement আছে  
সেই ধানে যেতেই হবে।

গৌরহরি। রামকান্ত বাবু! বিজ্ঞানটা কি আমায়  
বুবিয়ে দিতে পারেন। সেকালে আমাদের বিজ্ঞান বলে  
কিছুই ছিল না।

রামকান্ত। গৌরহরি বাবু! আজ আমায় ক্ষমা করবেন  
আমি অন্ত দিন এমে আপনাকে এই কথা বতদূর সম্ভব  
বুবিয়ে দিতে চেষ্টা করবো; এক্ষণে চলেন।

রামকান্ত বাবুর অস্থান।

শীতল। গৌরহরি বাবু! আজ আমার আগটা বড়  
খুলে গিয়েছে। প্রাণের ভেতর কে যেন বসন্তের হাওয়া  
দিচ্ছে। একটা আগমনী গাই।

(গীত।)

অরুণ উঠিল ওই,  
কৈরে আমার উমা মা এল।  
আশা পথ চেয়ে, বর্ষ গেছে ধেয়ে,  
পাগল মে ভোলা, হাড়মাল দোলা,  
উমা ধনে বুবি না পাঠাইল।  
ষষ্ঠি গত প্রায়, আয় মাগো! আয়,  
নেহারি বদন তোর জীবন জুড়াই।

বাম হস্তে শিখ বাঁধা, দক্ষিণ হস্তে Ganot, চক্ষে  
চম্পাপরা মাথন লালের প্রবেশ ও চেয়ারে  
উপবেশন।

মাধন। Good morning Sital Babu, good morn-  
ing dear father, আপনি আমাকে untimely ভেকে  
আমার অনেক কার্য নষ্ট করেছেন ; however, আর্পনাকে  
honour করা আমার সর্বতোভাবে উচিত, কেন না  
আপনিই আমার এই উন্নতির মূল। আজ আমায় excuse  
করবেন for I have taken my seat here.

গৌরহরি। বাবা মাধন ! তোমার হাতে গুটা কী ?  
তোর গুরুপ ভাব দেখে আমার প্রাণে বড় আশঙ্কা হয়।

মাধন। আপনি যদি Huxley বা Tyndal পড়তেন  
তাহ'লে বোধ হয় গুরুপ foolish প্রশ্ন কর্তৃন না।  
মনুষ্যের জীবনরক্ষা করা কতুর প্রয়োজন, যে ব্যক্তি  
বিজ্ঞান না পড়েছে তাকে বুঝান দুর্গোৎসব ব্যাপার।  
আপনার কথা শুনে অন্তে রাগ কর্তে পারত বা করতো  
কিন্তু আমি অনেক বিবেচনা করে দেখলাম আপনার আর্য  
লোকের উপর রাগ করা আর বিজ্ঞানকে অন্ধকৃপে  
হত্যা করা এ উভয়ই সমান। আপনি আমার এই non-  
conductor হওয়া দেখে বিস্মিত হচ্ছেন, কিন্তু শুনুন, আপ-  
নার ঔরসজ্ঞাত, আমার মাতৃগর্ভস্থ, যে শিশুর সন্তানবনা  
আছে তাহার জীবনের অটল স্থায়িত্ব হেতু আমি তার জন্মগু  
একটি লোহার শিখ order দিয়েছি। ইচ্ছা ছিল আপনার

ও আমার বৃক্ষ মাতার জন্ত দুইটি conductor order দি,  
কিন্তু, যাহাদের বিজ্ঞানের চর্চা বা উন্নতি করবার কিঞ্চিং  
মাত্রও ইচ্ছা বা উপায় নাই তাদের জীবন দুরারোহ  
পর্বতের গ্রায় থাকা না থাকা দুই সমান।

গৌরহরি। ছিঃ মাধন ! বাবা ও সকল ত্যাগ কর,  
তোমুর ও রকম ব্যবহার দেখলে লোকে তোমার পাগল  
বল্বে। আর আমায়—

মাধন। Hush ! আপনি আমার বয়োজ্যষ্ঠ ও পিতা,  
তাই আপনার গ্রায় বিজ্ঞান-অঙ্ক লোকের সহিত আমি  
শুধু কথা কহিতেছি। আচৌন ইতিহাসের একটী  
ছায়া মাত্র আজ আপনার নিকট উন্মুক্ত করি শুনুন—যে  
ইংরাজজাতী সাম্রাজ্য Telegraph। এর প্রথম প্রচলনের  
সময় তারে ভূতা বাঁধিয়া বিদেশ পুত্রকে পাঠাইয়াছি  
ভাবিয়া প্রি হইত, বিজ্ঞানের চর্চা করে, সেই ইংরাজ  
আজি শূ-দূর হিমালয় হ'তে কুমারিকা পর্যন্ত ইঙ্গিতে শাসন  
কর্জে। আর আমরা যে Nasty nation তাইই রহিলাম,  
not a whit superior. সেই বিজ্ঞানে M. A. পাশ  
দিয়ে, আমি কি Dumb inert, as Egyptian mummy  
হয়ে থাকুব। আপনি দেখবেন আমি by sheer science  
আপনার হিমালয়কে গরম করব, তাকে মানুষের  
গ্রায় কথা কওয়াব, occur কে Shahara তে পরিণত  
করব।

শীতল। মাধন বাবু ! এ বড় আশচর্দ্দের বিষয়। এ যদি

আমার বিজ্ঞানে হ'তে পারে, তা হলে, আমি আমার নিকট বিজ্ঞান শিক্ষা কর্তে প্রস্তুত আছি।

মাথন। আশ্চর্য বিজ্ঞানে কিছুই নাই, এটা axiomatic truth বলে জানবেন, science এ সকল বস্তুই হ'তে পারে। শুনে বড় সুখী হ'লেম, যে আপনার বিজ্ঞান শিক্ষার ইচ্ছা আছে। কিন্তু science এ initiate হবার পূর্বে আপনাকে একটা conductor শরীরের সঙ্গে বাঁধতে হ'বে। এর কারণ এই—সদাই বিজ্ঞানের চর্চা কল্পে মহুষ্য শরীর থেকে electricity বহুপরিমাণে নির্গত হয়ে যায়; যাতে volatile আর একটা পদার্থ surcharged with electricity এসে হটাএ আপনার শরীরে enter করে না পারে তারই জন্য এই conductor; এতে শরীরের সঙ্গে আর frictional electricity ওয়ালা আর একটা body র সঙ্গে যাতে সদাই equilibrium থাকে তারই জন্য science এ এই conductor বাঁধার পথা প্রচলিত আছে। Take for instance Government palace, Writers' Buildings, Electric ring, আর কত চান।

গৌরহরি। বাবা মাথন! তুমি যা বল্লে ও বাড়ি সম্বন্ধে থাটে বটে, কিন্তু মহুষ্য মধ্যে ত ও প্রথা প্রচলিত নাই, আমার এত বয়স হয়েছে আমি কখন মানুষের হাতে, মাথায় শিখ বেঁধে বেড়াতে দেখি নাই, তুই ও সকল ত্যাগ কর, আমার কথা রাখ। পরশুরাম পিতৃজ্ঞায় আপনার জননীর মস্তক ছেদন করে ছিলেন, তুই আমার কথা শোন। বাবা!

লেখা পড়া শিখেছ, বাড়ীতে বসে জৰীদারী দেখ, আমোদ  
আহ্লাদ কৱ ; দেখেও আমাৰ প্ৰাণটা সুখী হ'ক ।

মাথন । যে America বিজ্ঞানের মাতৃভূমি সেই America-  
ৰ বিখ্যাত বিজ্ঞানবিং Voxley বলেছেন বাড়ি অপেক্ষা  
মনুষ্য শৰীৰে conductor বীধা নিতান্ত প্ৰয়োজন ; এ কথা  
আজও আমাদেৱ দেশেৱ লোকে বুঝে নাই, তাই সে প্ৰথা  
প্ৰচলিত হয় নাই । ভাল, আপনি ত্যাগ ত্যাগ কচেন ;  
আমাকে কি ত্যাগ কৰাতে চান ।

গৌৱহৱি । তোৱ লেখা পড়া, তোৱ বিজ্ঞান, তোৱ গ্ৰ  
শিখ ।

মাথন । I cannot help laughing. By Jove !  
আমি দশপেও অনুভব কৰ্তে পাৰি না how shall I unlearn  
a thing which I have committed to memory from  
my very infancy. আমাদেৱ অবস্থা যে কতদূৰ শোচনীয়  
তাহা বলা যায় না । আপনি কথন মহাভাৰত পড়েছেন ?

শীতল । কেন মহাভাৰতে আবাৰ কি আছে ?

মাথন । Never mind কি আছে কি না আছে, that  
matters little. (গৌৱহৱি বাবুৰ প্ৰতি) আপনি আমাৰ  
question answer কৰুণ । দেখুন, ভদ্ৰলোকেৱ question  
auswer না কৱা অপেক্ষা অপমান বোধ হয় জগতে আৱ  
নাই । An idiot to treat with.

গৌৱহৱি । পড়েছি । হিন্দুৱছেলে রামায়ণ মহাভাৰত  
ছাড়া কি কেউ আছে ?

মাথন। ইংরাজি না বাঙালা, বেদব্যাসী না প্রতাপ-  
রায়ী ?

গৌরহরি। (জনান্তিকে) ও শৌভল বাবু ! এ কি বলেগো ?  
শৌভল। (জনান্তিকে) এই বুবি ইংরাজি শিক্ষার ফল ;  
বাবা একি ছেলে না বারমার মগ—মাথায় একটা লোয়ার  
পাগড়ি।

মাথন। Hear me dear father, তোমার ব্রাম্যণ ও  
মহাভারত যার জন্ত তোমরা Homer's Iliadকে হত গর্ব  
কর, সেই Ramayana and Mahabharata বিজ্ঞানের  
প্রথম সোপান মাত্র ; তবে যে, যে light এ আয় সে সেই  
ক্লপেই দেখতে পায়। But the best course would be  
for me to deliver a course of lectures before these  
uneducated fools, আর তা না কল্পে আমার বোধ হয় I  
see there is very little chance of our national im-  
provement. দেখন Science হীন জাতী জাতীই নহে।

গৌরহরি। বাবা মাথন ! বিজ্ঞান বলেই পৃথিবী তা  
আমি স্বীকার কল্পেম। কিন্তু বিজ্ঞান শিখবে কারা, যা'দের  
অর্থ নাই ; যারা পেটের চিত্তার জন্ত লেখা পড়া লিখেছে,  
তাদের পক্ষে বিজ্ঞান প্রয়োজনীয় বটে, তোমার তাতে  
প্রয়োজন কি ? তুমি ও সকল ত্যাগ কর, আমার কথা  
শোন, জনীদারী দেখ, ঘরটা বজায় রাখ !

মাথন। আপনি Dr. Sirkar এর science সভায় না  
একদিন গিয়েছিলেন, আর আমি যে দিন আপনাদের

ত্যাগ করে আমাৰ কতক গুলি Lady friend কে নিয়ে  
Brother Nagendranath এৱ বাটী গিয়েছিলাম সেই  
দিন না আপনি Eliot সাহেবেৰ Lecture-room এৱ  
ভিতৱ গিয়ে বিজ্ঞানেৱ অসীম ক্ষমতাৰ পৰিচয় পেয়ে  
swoon হয়ে পড়েছিলেন। আমি সেই বিজ্ঞান বলে  
জমীদারী কোনছাৱ world কে Napoleon এৱ গ্রায় শাসন  
কৰিবো।

শীতল। (জনান্তিকে গৌৱহৱিৰ প্ৰতি) মহাশয় !  
দেখচেন কি, বেতৱ বিগড়েছে, কথায় বড় স্থৰিধা নয়, এ  
খাশ কৱা ছেলেৰ গেঁ। দেখুন দেকি বিয়েৰ কথা তুলে।

গৌৱহৱি। মাথন ! তোমাকে বিবাহ কৰ্তে হবে ?  
তোমাকে সংসাৱী হয়ে সংসাৱ দেখতে হ'বে ; আমি বুড়  
হয়েছি কৰে মৱব ; তোমাকে এৱ মধ্যে জমীদারী প্ৰথা  
শিখতে হবে ; আমি আজ হ'তে তোমাৰ উপৱ জমীদারীৰ  
সমষ্ট ভাৱ দিব।

মাথন। মৃত্যু ! হা হা ! মৃত্যু কি ? আজি যদি আপ-  
নাৰ science পড়া ঘাকৃত তাহ'লে আপনাৰ মুখ থেকে  
ও কথাটা বোধ হয় নিৰ্গত হ'ত না। আপনি জানেন বোধ  
হয় বামচল্লেৰ Father (নামটা আমাৰ ঠিক শুনণ হ'চে  
বা Talboys Wheeler এৱ বামায়ণে অনেক দিন হ'ল  
পড়েছিলাম) ক্ষেত্ৰ হেতু একটা স্তৰীৰ কথায় বাম, লক্ষণ ও  
বামেৰ wife কে বাড়ি থেকে দূৰ কৱে দিয়ে, পুত্ৰশোকে  
নিষ্ক্ৰেৰ vitality নষ্ট কৱে ফেলে ও ক্ৰমে collapse অবস্থা

প্রাণ হয় ; রামের আর ছটো ভাই ছিল তাদের নাম বড় queer, হটাং মনে পড়া দায় ; তারা কল্পে কি তাদের Father কে embalm করে রেখেছিলে ; till the return of their banished brothers. সে time টা exactly আমার মনে নাই, বোধ হয় fourteen years. এই fourteen years রামের বাপ embalmed হয়েছিল which is as good as living ; সুতরাং Death বলে বোধ হয় জগতে কোন কথাই থাকা উচিত নহে। By the bye আপনি আমার marriage এর কথা বলেচেন, কিন্তু, marriage is nothing but a social union ; সেই social union যদি বিজ্ঞানের দ্বারা সাধিত হয় তা হ'লে যাকে আমরা বলি marriage, আর আপনারা যাহাকে বিবাহ বলেন, তাৱ প্ৰয়োজন কি ? স্ত্রীলোক অপেক্ষা কোমল বিজ্ঞান, সেই বিজ্ঞানের যে আমাদ পেয়েছে সে কি একটা illiterate ugly looking দ্বাদশ বৰ্ষীয়া বালিকা কে তাৱ partner কতে স্বীকাৰ কৰবে ? আমি ত কথনই নহে।

গৌৱহারি। আৱে তুই বলিস্কি ? তোৱ জন্তু কি আমি আত্মহত্যা হ'ব ?

মাথন। আপনি জানেন, আপনাৱ এই কথাৱ জন্তু আপনি আইন অনুসাৱে দণ্ডনীয়। আপনাৱ এই কথা যদি আমি জগতে, বা even একজন common police officer কে বলে দি যে Babu Gourhari intends to commit suicide তা হ'লে আপনাকে দায়ৱায় সোপৱন্দ কত্তে

পারে। My father, my good father আমি আপনাকে earnestly request কছি আপনি কু-আশাৰ ঘোৱ অঙ্ককাৰ ত্যাগ কৰণ; একটু একটু science পড়তে আৱজ্ঞ কৰণ। যদি বৃন্দ বয়সে পড়তে আপনাৰ লজ্জা হয়, I take upon myself the most gravest duty of initiating you in the heaven of science. আমাৰ সতত ইচ্ছা কৰে আপনাকে ও আমাৰ dearest mother কে যদি Tyndal, Huxley, Proctor or even Ganot will do, যদি even a page a day পড়তে পাৰি, তা হ'লে আপনাৰ একেবাৰে কুসংস্কাৰ বজ্জিত হবেন। আমি নিচয় বলচি যে Your salvation will come as near as what you call the originator of Navadwipa's disciple JAGA.

• গৌৱহরি। তুই আমায় বৃন্দ বয়সে কাঁদাস্নি। দেখ মাথন, বাবা ! তোমাৰ বয়স হয়েছে, দুৰতে শুভতে পাৱ, তুই আমাৰ এক মাত্ৰ ছেলে, তোৱ মুখ চেয়ে আমি সৰ্গেৱ চাঁদ হাতে পাই, কিন্তু বাবা ! তোৱ কি আমাকে মন কষ্ট দেওয়া উচিত ?

মাথন। Far from it dear father, কিন্তু একটা কথা I must mention, যে all along আমি দেখে আস্তি আপনাৰ address very objectionable. আমি আপনাকে আপনি আপনি বলচি কিন্তু before the presence of another gentleman আপনি আমাৰ প্রতি vulgar terms

ব্যবহার কচেন। এটা আমি বল্তাম না, পাছে আমার father হয়ে society তে আপনি অপদষ্ট হ'ন simply সেই জন্ত আমি আপনাকে এই hint টুকু দিলাম। আর একটা কথা, আপনি heavenly bodies কে হাতে করে চান কি রূপে আমি ত বুঝতে পাল্লেম না not even science can dream of it.

গৌরহরি। (স্বগতঃ) আমার দেখচি সর্বনাশ উপন্থিত ; ছেলেটা ঘোর উন্মাদ হয়েছে ; পাগল মিতাক্ষরার মতে বিষয়ের উত্তরাধিকারী হ'তে পারে না ; এখন কি করি, কেন ছেলেকে উচ্চশিক্ষার অন্ত কালেজে দিয়েছিলাম ; এই কি উচ্চ শিক্ষার ফল ; হা অচৃষ্ট ! দেখি আরো বুবিয়ে ষদি পারি। (একাণ্ডে) বাবা ! তুই কি পাগল হলি নাকি ? আমার এই অতুল সম্পত্তি কি দশজনে লুটে খাবে, আর তুই আমার এক মাত্র ছেলে হ'য়ে তোগ কর্তে পারবিনি ?

মাথন। আপনি বলেন কি ? আপনার এই riches আমি useful purpose এ spent করবো। আমি আপনার অর্থের অধিকারী হ'লেই একটা monument করবো, তার উপর বড় বড় golden letters এ লিখে দেব “In memory of the late Babu Gourhari Mookerjea this monument of science has been erected by his son Makhun Lal Mookerjea”. এ দেখলে Governor-General, Lieutenant-Governor ৰোধ হয় আপনাকে K. C. S. I.

title পাঠিয়ে দিতে কিঞ্চিত মাত্র ও কুর্হিত হ'বে না ;  
 আর এমনও হতে পারে Her Majesty letter of condolence পাঠিয়ে আমাকে তার sorrow জ্ঞানবেন । এখন  
 good bye আমাকে Brother Nogendranath এর বিজ্ঞান  
 বিকাশনী সভায় যেতে হ'বে ।

:

প্রস্থান ।

শীতল । গৌরহরি বাবু ! ছেলে দেখে কি বুঝলেন ?  
 গৌরহরি । (দৌর্ঘ নিষ্ঠাম ত্যাগ করিয়া) বুঝব আর  
 কি, আমার মাতা আর মৃগু ; এখন চল শয়ন করা ষাক্ষে  
 কিপালে যা আছে তাই হইবে ।

উভয়ের প্রস্থান ।

## দ্বিতীয় গর্ডাঙ্ক ।

গৌরহরি বাবুর শয়ন ঘর ।

গৌরহরি বাবু ও চন্দমুখী ।

গৌরহরি । গিন্নি ! তোমার ছেলের আগায় বুঝি  
 আমায় সংসার ত্যাগ কর্তে হ'ল ; তুমি তোমার ছেলে  
 নিয়ে থাক, আমি বিষয় আশয় বিক্রি করে কাশীবাসী  
 হইগে ।

চন্দমুখী । কেন ? মাথন আমার কি করেছে ? আমার

ছেলের ভাল তুমি কিছুই দেখতে পারনা। বলি আমার  
মাধ্যন্তাল করেছে কি ?

গৌরহরি। ওটা পড়ে পড়ে বেতের বিগড়ে গিয়েছে,  
বোধহয় শীত্র পাগল হ'বে।

চল্লমুখী। ওমাঃ আমি কোথায় যাব ! এই বুরী  
আমার মাধ্যন্তালের দোষ। তা হ'ক, মা সরস্বতী যার  
পেটে ঢুকেছেন তাকে পাগল তিনিই করেন। আহা !  
তোমায় বল্বো কি, মাধ্যন যথন ঘূর্মিয়ে থাকে, আমি আড়ি  
পেতে শুনেছি—ছেলের মুখ দিয়ে পল্তার কলের জলের  
মত ক্রমাগত ইংরিজি বেরোয়, আর কেবল পটাস্ পটাস্  
শব্দ করে, বলে লোকে বিয়েন, না কি মর—মুখে আসে  
না, তাই বুঝোনা।

গৌরহরি। ওই পটাস্ পটাস্ আর পোড়া বিজ্ঞানই  
কাল হয়েছে। তোমায় বলবো কি সে একবারে ঘোর  
উন্মাদ হয়েছে।

চল্লমুখী। তা হ'ক ; আমার মাধ্যনের বিয়ে দিয়ে  
একটি ছোট রাঙ্গা বউ ঘরে এনে আমার মনের সাধ  
পুরাব। আর এষে খ্যাপা খ্যাপা রুকম দেখচো তা রাঙ্গা  
বৌয়ের মুখ দেখলেই সব যাবে। মা সরস্বতী আমার মাধ-  
নকে যে খেপিয়ে তুলেছে সেটা তোমায় বলতি কখনই  
ধাকবে না। আমি মা শীতলার পুজো মেনেচি। ঘোষেদের  
ছেলেও এই রুকম চস্মা নিত, দাঢ়ি রেখেছিল, ঠাকুর  
দেখলেই তেড়ে যেত, আর বাপ, মা, ভাই, বন সকলকে

বলতো পুতুল পূজা করা পাপ ; তার বিয়ে হওয়া অবধি  
সে পাগলা রকম গিয়েছে। ওটা বিয়ে করবার পূর্বচিহ্ন ;  
হাজার হোক লেখা পড়া শিখেছে, বাপ মার কাছে কি  
বিয়ের কথা বলতে পারে, তাই একটু আদৃষ্ট পাগলামি  
করে বাপ মা কে জানায় যে আমি বিয়ে করবো। যে  
বাপ মু বুঝতে না পারে, তারা ছেলেকে পাগল বলে।  
ছেলে পাগল হয়েছে বলে বলেই ছেলের বিয়ে দেয় না ;  
ছেলেরও পাগলামি বাড়তে থাকে। আমি তোমায় বলচি,  
আমার মাথনের বিয়ে দাও। মাথন যে বিয়েন বিয়েন  
করে, আর ওই যে নোয়ার শিখ বেঢে থাকে, সেটা বৌমা  
ভিন্ন আর কেউ খুলতে পারবে না পারবে না।

গৌরহরি। স্তৌরুক্তি প্রলয়করী। আমি লজ্জার মাথা  
খেয়ে বিয়ের কথা বল্লাম, কিন্তু সে কিছুতেই স্বীকার  
কঢ়ে না। সে বল্লে তার বিবাহ বিজ্ঞানের সঙ্গে হয়েছে ;  
সে আর অন্ত বিয়ে করবে না।

চল্লমুখী। ইঁয়াগা বিজ্ঞান কে ? সেটা কোথায় থাকে ?  
বলি তুমি কি এ বিয়ের কথা কিছু জান ? মাথন কি  
আমায় লুকিয়ে বিয়ে কঢ়ে।

গৌরহরি। দেখ গিন্নি ! আমি এখন চল্লমুখ !

চল্লমুখী। ও হরিঃ ! বাবা আমার, তাই ধ্যাপা হয়েছে।  
দেখলে, আমি যা বলেছিলুম তাই শুটলো ত ; আর ও বাগ  
কঢ়ে কি হবে, ছেলেত আর ত্যাগ কর্তে পারবে না। বাবা  
আমার বিয়ে করেছে বৌটি দৱে নিয়ে এস ; যখন আপনি

পছল করে বিয়ে করেছে, সে বৌয়ের মুখ দেখলেই ঐ  
বিয়েন বিয়েন, আর পোড়া শিথি সব থসে পড়বে।

গৌরহরি। দেখ গিন্নি ! আমি আর সহ কর্তে  
পারিনা ; এই বুড়ো বয়সে অদেষ্টে আরও কত কষ্ট আছে  
জানি না। তুমি মাখনকে বুজিয়ে সুজিয়ে যদি বিয়েয়  
রাজি কর্তে পার তা হ'লে এই অগ্রহায়ণ মাসেই : বিয়ে  
দিয়ে দিব।

চল্লমুখী। শুমাঃ সে কি ? তোমার বুবি সে বৌ পছল  
হয় নি — তবে তুমিও বৌ দেখেছ। আমার এমনি পোড়া  
অদেষ্ট ষে মাখনের বৌ দেখতেও পেলাম না। (ক্রন্দন।)

গৌরহরি। আরে তুমি কান্দ কেন ? তোমার পংগল  
ছেলের সঙ্গে বে দেবে কে ? লেখা পড়া শিখে ছেলে বেগ-  
ডাতে দেখা, এই আমার প্রথম।

চল্লমুখী। তুমি আর বিগড়েছে বিগড়েছে বলো ন্য ;  
তুমি আমার মাখনের বিয়ে দেবে কি না বল ? যদি না দাও  
আমি আমার ছেলেকে নিয়ে বিদেশে চলে যাব, সেই  
ধানে গিয়ে দেখি তার বিয়ে দিতে পারি কি না।

গৌরহরি। আ আমার পোড়া কপাল, বিয়ে দেবো কি ?  
সে বলে তার বিয়ে বিজ্ঞানের সঙ্গে হয়েছে। সে আর  
অন্ত বিয়ে করবে না।

চল্লমুখী। এ পোড়া বিয়েন কি ? আমায় দেখাতে  
পার, কে সে বিয়েন, তা হ'লে বেটিকে হাসী হিয়ে  
ঝঁঝাটা ধাওয়াই।

প্রথম অঙ্ক।

পঞ্জিকণ ১৯৭২ ২৩

গৌরহরি। গিন্নি ! তুমি যদি পার হো ; মাথনশৈলি  
বিয়ে কভে রাজি হয় আমি অগ্রহায়ণ মাসেই বিয়ে দেবো।

চন্দ্রমুখী। আচ্ছা তুমি এক কাজ কর ; তুমি বিয়ের  
কথা সব ঠিক করপে আমি মাথনকে বুবিয়ে বলুচি।

গৌরহরি। যা হয় কর, এখনকার বোধ হচ্ছে কালেজের  
পড়ারই এই দোষ। আগে জানতেম লেখা পড়া শিখলে  
স্বভাব চরিত্র ভাল হয়, কিন্তু এখন দেখুচি ইংরাজি  
লেখা পড়া শিখিয়ে রাজ্যের ছেলে বিগড়ে দিলে। যাই এ  
বুড়ো বয়েসেও ত নিষ্ঠার নাই, মুটে মজুরের মত থাটিতে  
এসেছি খেটে যাই।

প্রস্তান।

চন্দ্রমুখী। আমার মাথন কি সত্তি সত্তিরই পাগল হ'ল,  
না কথনই নয়, এ কথা মনে লাগে না। লেখা পড়া শিখে  
শুনেছি ছেলেদের মাথা একটু গরম হয় ; তাতে আমার  
মাথন বে আবদ্ধেরে ছেলে ; বোধ হয় কর্তার কাছে  
কিছু চেয়ে থাকবে কর্তা দের নি, তাই আমার মাথন রাগ  
করেছে। এক ছেলে, যদি একটা বায়না নিয়ে থাকে,  
তাকে না দেওয়া কি ভাল। একটা ভাল মন্দ হ'লে এর  
পরে আমার মাথনেরই ত সব ; এখন নিলেও নেবে তখন  
নিলেও নেবে। মাথন আমার যা চাইবে আমি তাই দেবো।  
বাবার রাগ ঠাণ্ডা হ'লে আমি বিয়ের কথা পাড়বো।  
ওঁঁ বি ! বি ! একবার এ দিকে আয়।

২ - ৪৪৬

(নেপথ্য)। যাই মাঠাকুঝণ।

Acc ২২৭৬৫  
১২। ০৯। ২০০৬

দাসীর প্রবেশ।

এই চাবি নিয়ে আমার থর থেকে গয়নার বাক্সটা নিয়ে  
আয় ত।

চাবি লইয়া প্রস্থান।

বৌমাকে কি কি গয়না দেবো সে গুলো দেখে আলাদা  
করে রাখি। আমার সে দিন যে গয়না হয়েছে, সেগুলো  
এখন আমায় পরতে হবে, তার পর বৌমা বড় হ'লে আমার  
যে গুলো ছোট হয়ে যাবে সে গুলো তাকে দেবো কিনা  
তখন বুঝবো। বৌটিকে পরির মতন সাজাব।

বাক্স লইয়া দাসীর প্রবেশ।

দাসী। হেঁ গা মাঠাক্রুণ ! দাদা বাবুর বুর্বি বিয়ে  
হ'বে ? আহা হোক হোক !

চন্দ্রমুখী। তোকে কে বল্লে ?

দাসী। আমি সব শুনিছি; তা না হলে, দাদা বাবু  
হাতে মাথায় নোয়া বাঁধবে কেন ? আমি শুনিছি কল্কেতার  
বড়মান্ধের ছেলেরা বিয়ের আগে হাতে মাথায় শিখ  
বাঁধে। শিখটা বুর্বি প্রজাপতির ঘটক। হেঁ গা মাঠাক্রুণ  
কল্কেতার আইবুড়ো ছেলের বুর্বি চিহ্নি এ ?

চন্দ্রমুখী। দেবো দেবো ; আমার মাথনের বিয়ের সময়  
তোকে দানা গড়িয়ে দেবো।

দাসী। দাদা বাবুর কোথায় বিয়ে হ'বে মাঠাক্রুণ !

চন্দ্রমুখী। এখনও কিছু ঠিক হয়নি, কর্তা কত  
লোক পাঠাচ্ছেন, মিনুসে গুনো খালি মুটো মুটো টাকা

নিয়ে যাচ্ছে, কিন্তু, কৈ একটাও রাঙ্গা বৌ এনে দিতে পাল্লেনা।

দাসী। হঁয় গা মা ! তোমাদের ঘেয়েরাও কি নোয়া-  
বাঁধে, তারাও বুঝি বিয়ে হ'লে হাতে নোয়া পরে না ?

চল্লমুখী। বিয়ে হ'লে হাতে নোয়া পরে না ত কি ?  
তুই কি পাগ্লি না কি ? এয়িস্তি মানুসে কি নোয়া ছাড়া  
আছে ?

দাসী। পুরুষ এয়িস্তি কি এখানে নোয়া পরে ?

চল্লমুখী। পুরুষ এয়িস্তি আবার কি ?

দাসী। কেন ঘাদের দাদাবাবুর মত বিয়ে হয়েছে ।

চল্লমুখী। তোর দাদাবাবুর কি এখনও বিয়ে হয়েছে ?

দাসী। বিয়ে না হউক, কিন্তু মাঠাকুকুণ ! আমি তোমার  
বলচি শুই নোয়া হ'তেই দাদাবাবুর বিয়ের ফুল ফুটিবে ।

চল্লমুখী। নোয়াতেই ফুল ফুটিবে কি ?

দাসী। হি গো। মুক্ষী কূলীনের বিয়ের ফুল অঘনি  
করে ফোটে। তবে শুন্বে, আমার বনপো, হেতাকার  
একজনাকার, বাড়িতে থাকে, তাদের নাকি পাথরে বিয়ের  
ফুল ফুটে, আর বিয়ে হ'লেই সেই পাথর ইঁড়ি চাপা দিয়ে  
রেখে দেয় । দাদাবাবুরও তাই হ'বে কিন্তু নোয়াতে ।

চল্লমুখী। তুই আশীর্বাদ কর, আমার সেই অদেষ্টেই  
হক ।

দাসী। ওয়া ছিঃ কি বল মা ! হঁয় গা মা ! ঐয়ে দাদা-  
বাবুর শিখ দেখা যাচ্ছে । দেখ দেখ, পাছে শিখ দেয়ালে

ঠেকে তাই দাদাবাবু একে বেংকে সিঁড়িতে উঠচেন।  
দাদাবাবুকে দেখলেই গঙ্গার ঘাটে যে একটা ঠাকুর আছে  
দেখেছ মাঠাকুকুণ, এক হাতে একটা মুগুর তুলে, এক  
পা সামুনে, এক পা পিছিয়ে আছে তাকে মনে পড়ে।

চল্লমুখী। যাই, আমার মাখনকে বুঝিয়ে দেখিগে।  
আমি বাকস্টা বন্ধ করেছি; তুই নিয়ে আয়। :

প্রস্থান।

দাসী। যাই ঝাঁট পাঁট সব পড়ে বলয়েছে।

বাহুম লইয়া প্রস্থান।

## বিতৌয় অঙ্ক

প্রথম গর্ভাঙ্ক।

নগেন্দ্র বাবুর লিখিবার ঘর।

নগেন্দ্র বাবু চেয়ারে উপবিষ্ট।

নগেন্দ্র। সর্বভূক্ত ও মুজ্জা যন্ত্রকে তুষ্ট করা বড় দায়।  
social science পড়া অবধি জাতীয় ভাষার উপর আমার  
একেবারে বিডেষ্ট। জন্মে গেছে। ইচ্ছা করে মাখন বাবুর  
বড় বাঙালা ভাষাটা একেবারে ভুলে যাই, কিন্তু মাতৃভাষা

তোলা ভাল কিনা তা হির করবার জন্য সময়ে সময়ে অনেক ভাবি, ভাবতে ভাবতে মাথা গরম হয়ে যায়। দূর হক আর ভাবতে পারি নি। ভাষাটা ভুলব কিনা? ভুলি, ভুলি কিনা ভুলি? আর কেমন করেই বা ভুলতে পারি; আমি বাঙালা সংবাদপত্রের এডিটার, বাঙালা আমার ইজেরার মহল! প্রতি সপ্তাহে কাগজ বার করি। বকলমে ডাক্তারি করি, বাপকে ডাক্লে নিজে যাই।

একজন কল্পাজিটারের প্রবেশ।

‘স্ব-কলম অপেক্ষা ব-কলমে আমার বড় জোর; আমি স্বার্থপর হয়ে নিজের উদ্দেশ্য সাধনের জন্য একবাণে ছুটি পাখী মারতে চেষ্টা কচি।

কল্পাজিটার। শ্রাশয়! কাপির জন্য কল্পাজিটার সব বসে আছে; এখনও কাপি না পেলে শনিবার কোন মতেই কাগজ—

নগেন্দ্র। কেও বাবু! আমি ভাষাটা ভুলে গিছি; তোমাদের জন্য কাগজ শিবরূপী কলেম তবুও ছাড়বে না। তোমাদের কাগজ তোমরা লেখ। তবে যত ক্ষণ না ভুলে ছিলাম ততক্ষণ তোমাদের লিখে দিয়েছি আর পারবো কি না বলতে পারি না। আমি বেশ বুঝতে পাচ্ছি, আমার মাথাটাৰ ভেতৱ social science এ ভৱে যাকে, স্বতন্ত্রঃ বাঙালা ভাষাটা সত্ত্ব আমাকে বন্ধার জলের ঘার ত্যাগ করে যাবে।

(নেপথ্য)। Husband, Husband আমি যাচ্ছি, তুমি কি আমাকে meet করবার জন্য ready আছে।

নগেন্দ্র। মুদ্রায়ন্ত্রের প্রেত ! একটু সরে ঢাঢ়াও,  
আমি বলে কহে দেখি, যদি আজ থেকে তোমাদের সঙ্গ  
ত্যাগ পারি। (হেমন্ত কুমারীর প্রতি) O ! yes dear.

হেমন্তকুমারীর প্রবেশ।

হেমন্ত। Dear ! আজ তোমাকে এত unmindful  
দেখচি কেন ? তোমার কি হয়েছে, তুমি আমায় বল, আমি  
তার প্রতিকারের চেষ্টা কচি। এতে যদি আমার জীবনের  
সারাংশও ত্যাগ কর্তে হয় তাতেও আমি স্বীকার আছি।

নগেন্দ্র। আমার ভাবনা সমুদ্রবৎ, সদাই তরঙ্গ শুলি  
ষেন তৌরে পুষ্পাঞ্জলি দিয়ে নমস্কার কচে ?

হেমন্ত। তোমার ও সম্পাদকীয় লম্বা ঘনধোর ভাব  
আমি বুঝতে পাচ্ছিনি। সাদা ভাষায় বল, পারি প্রতি-  
বিধান করব। তুমি আমার dear husband, তোমার  
জন্ত আমার জীবন ত্যাগ করা যায়, কিন্তু, ত্যাগ করবো বা  
কর। উচিত কিনা জানি না।

নগেন্দ্র। তোমার স্মরণ থাকতে পাবে ?

হেমন্ত। না, স্মরণ থাকবার একটা ব্যাপ্তাত আছে ;  
আমার মাথার বড় ঠিক নাই, সদাই ঘুরে, শুতরাং তোমার  
বলবার কষ্ট বাঁচাবার জন্ত আমায় past history র জীৰ্ণ  
পাতা শুলি উঠাবার কষ্ট তোমার আয় husband এর দেশেয়।  
উচিত নহে।

নগেন্দ্র। আমি social science পড়তে আরম্ভ করা  
অবধি মাতৃভাষা ভুলবো কিনা তাই ভেবে স্থির কর্তৃ পারি

ନାହିଁ । ଯାଥନେର ମତ ଆମାରଙ୍କ ଇଚ୍ଛା କରେ ମାତୃଭାଷା ଭୁଲେ  
ଯାଇ, ଏତେ ତୋମାର କି ମତ ?

ହେମନ୍ତ । ଯାଥନ ବାବୁର ମତ ପାଇଁ ଭାଲ ବଟେ, କିନ୍ତୁ, ତୁମ୍ହି  
କି ତା ପାଇବେ ?

ନଗେନ୍ଦ୍ର । ଆମିଓ ତାଇ ସ୍ଥିର କରେଛି, ଏଥନ ତୋମାର  
ଏକଟି କାର୍ଯ୍ୟ କଲେ ଭାଲ ହୁଏ ।

ହେମନ୍ତ । କାର୍ଯ୍ୟ ! କି କାର୍ଯ୍ୟ ?

ନଗେନ୍ଦ୍ର । ଆମି ସମ୍ପାଦକୀୟ ଭାବ ତୋମାର ହଞ୍ଚେ ନ୍ୟାୟ  
କୃତେ ଇଚ୍ଛା କରି ।

(ନେପଥ୍ୟ ) । Nagendra Babu may I go in ?

ହେମନ୍ତ । ତୋମାର କାଗଜ ବାଙ୍ଗଲା ନା ଇଂରାଜି ?

ନଗେନ୍ଦ୍ର । ବାଙ୍ଗଲାର ଭାଗ୍ଟୀ ବେଶୀ, ଇଂଗାଜି କଳମ ଦୁଇ  
ତିନ ଆଛେ ।

ହେମନ୍ତ । ସାହେବ ମହଲେ ଆମାର ବେଶୀ ପମାର ହୁଏଥା  
ଅବଧି ସହି ତୋମାର ବାଙ୍ଗଲା ଭାଷାଟା ଆମାର ତାନ୍ତ୍ରିକ ମନେ  
ନାହିଁ ତବୁ ତୋମାର କଥା ଅମୁସାରେ ଦୁଇ ଏକଟା issue ରୁ ଭାବ  
ନିତେ ଆମି ସୌକାର ଆଛି ।

ନଗେନ୍ଦ୍ର । ଆଃ ବାଚଲେଯ—ତୁମ୍ହି ଆମାର—

ହେମନ୍ତ । ତୁମ୍ହି ଆମାର ନିକଟ କୃତଜ୍ଞତା ପ୍ରକାଶ କରବେ  
ବଲେ ଆମି ଏହି ଭାବ ନିତେ ସୌକାର କରି ନାହିଁ, କେବଳ ଦେଖା-  
ଇତେ ଜଗଥକେ ସେ ସ୍ତ୍ରୀଜୀବୀର ଦ୍ୱାରା କାଗଜ ଏ ଦେଶେରେ ସମ୍ପା-  
ଦନ ହ'ତେ ପାରେ । ତୁମ୍ହି ପଢାଇ କରେ ଦାଉ, ଆଜ ହ'ତେ  
ତୋମାର କାଗଜେର ସମ୍ପାଦକ ଆମି ।

নগেন্দ্র ! রামকুমার, রামকুমার ! মুজায়ন্ত্রের প্রেত রাম-  
কুমার !

(নেপথ্য)। আজ্ঞে যাই ।

রামকুমারের প্রবেশ ।

নগেন্দ্র ! দেখ ! এই বারের নম্বর হ'তে কাগজে লিখে  
ছাও :

সম্পাদক শ্রীমতি হেমন্ত কুমারী ।

রামকুমার ! যে আজ্ঞে ! আর কাপি ?

হেমন্ত ! তুমি কাপির কথা আর নগেন্দ্র বাবুকে  
জিজ্ঞাসা করো না । কাগজের সঙ্গে নগেন্দ্র বাবুর আর  
কোন সম্পর্ক নাই ।

রামকুমার ! যে আজ্ঞে কাপি ?

হেমন্ত ! কাপি কি তোমাদের কিছুই নাই ।

রামকুমার ! আজ্ঞে না ; আমরা কাপির জন্ম বসে  
আছি ।

(নেপথ্য)। Nagendra Baboo are you in

হেমন্ত ! মাথন বাবু এসেছেন ; সঙ্গে করে নিয়ে এস ।

নগেন্দ্রনাথের প্রস্থান ।

শিখ বাঁধা Ganot হল্টে মাথন বাবুকে সঙ্গে করিয়া

নগেন্দ্র বাবুর পুনঃ প্রবেশ ।

হেমন্ত ! কাপি কি আপাততঃ কিছুই নাই । আচ্ছা

আমি কলম ধূঢ়ি ।

নগেন্দ্র। Science এ মাধ্যন বাবু ! মুজায়েন্স চলে, কিন্তু Science এ কাপির কিছু ব্যবহাৰ কৰ্ত্তে পাৱেন ?

মাধ্যন। Good day Mrs. Bose, science এ না হ'ব  
কি ? আমাদেৱ দেশ যখন science এৱ মৰ্ম্ম বুৰাতে পাৱে,  
তখন কাপি কি, author দেৱ আৱ বই লেখাৰ কষ্ট পেতে  
হ'বে নোঁ। আমাৰ ইচ্ছা আছে multiplication table এৱ  
মত বই লেখাৰ একটা machine সত্ত্বৰ তৈয়াৱি কৱব বা  
England এ order দিব।

হেমন্ত। মাধ্যন বাবু ! আপনাৰ কথা শুনে সুখী হ'লেম,  
আৱ না হ'বেই বা কেন ? যদি আমাদেৱ বৃক্ষ মন্ত্ৰি scientific frontier কৰ্ত্তে পাৱেন তা হ'লে তোমাদেৱ এই  
সামাজিক কাৰ্য্য না হ'বেই বা কেন ?

নগেন্দ্র। (হেমন্তকুমাৰীৰ প্ৰতি) বলি হঁজা হ'বে ?  
তা হ'লে কি আবাৱ—

হেমন্ত। মাধ্যন বাবু মনে কৱেন ত সকল কাৰ্য্যই হ'তে  
পাৱে। ভাল মাধ্যন বাবু ! বিজ্ঞান বলে মুজায়েন্স আপনি  
চলে না কেন ?

মাধ্যন। আপনি বিজ্ঞানেৱ প্ৰতি অচলা ভক্তি দেখান,  
it will move on its axis.

নগেন্দ্র। মাধ্যন বাবু ! বিজ্ঞান শিখলে কি চসমা ব্যবহাৰ  
না কৱে থাকা যায় না ?

মাধ্যন। থাকা যায় না নহে, উচিত নয়, কেন না, বিজ্ঞা-  
নেৱ ভিতৱ্ব, আৱ কেবল বিজ্ঞানেৱ ভিতৱ্বই বা কেন, সমস্ত

উচ্চ শিক্ষা ভিত্তির যে অতি minute particles আছে, যা আমাদের naked eyeতে দেখতে পাওয়া যায় না, তা দেখবার জন্য চস্মা ব্যবহার করা চাই। যেমন microscope না হলে অতি সূক্ষ্ম পদার্থ দেখতে পাওয়া যায় না, science এও সেই রূপ চস্মা না হ'লে অনেক কথা বুঝতে পারা যায় না। এটা আমি তোমাকে বল্তাম্ব না ; তুমি আমার হেমত কুমারীর husband বলেই তোমাকে timely inform করিম, কিন্তু দেখো এ secret যেন আর কেহ জানতে না পারে।

নগেন্দ্র। এ চস্মা কোথা থেকে কিনেছেন ?

মাথন। From Mullick Brothers.—Tailors Outfitters &c.

নগেন্দ্র। বান্দালীর দোকান থেকে ?

মাথন। তার কারণ, এই firm এর চস্মা চোকে দিলে অম বিজ্ঞান শিক্ষা কল্পনা বহুজ্ঞান দেখায়।

মাথন। Excuse me Mrs. Bosc, I am just coming.

নগেন্দ্র বাবু ! আপনি আস্বেন কি ?

নগেন্দ্র। চলুন।

উভয়ের অস্থান।

হেমত। (স্বগতঃ) কাপির জগ রামকুমার ব্যতিব্যস্ত করে তুলেছে। আমার সাধ্য নাই বে কাগজে কলমে করি।

রামকুমারের অবেশ।

অর্থ পুস্তকের পাণ্ডুলিপি হস্তে অবিনাশের অবেশ।

ଅବିନାଶ । ମହାଶୟ ! ଆମାର ଏହି ସ୍ଥାନା ଛେପେ  
ଦିତେ ହବେ, କତକରେ ଫର୍ଶୀ ଚାର୍ଜ କରବେନ ?

ହେମନ୍ତ । କି ଛାପତେ ହ'ବେ ଦେଖି ? (ସ୍ଵଗତଃ) ଏହି ସାନିକ  
ଏହିବାର କାଗଜେ ଯାକୁନା କେନ, ଏଷୁଡ଼ କାପି ।

ଅବିନାଶ । ଏହି କାପି ଦେଖୁନ ।

ହେମନ୍ତ । ରାମକୁମାର ! ରାମକୁମାର !

(ନେପଥ୍ୟ) । ଆଜେ ଯାଇ ।

ରାମକୁମାରେର ପ୍ରବେଶ ।

ହେମନ୍ତ । ଏହି ନାଓ କାପି ନିଯେ ଯାଓ, ଆଜିହି ଆମାର  
ଲକ୍ଷ ଚାଇ । (ଅବିନାଶେର ପ୍ରତି ।) ଆପଣି ଏଥି ଯେତେ  
ପାହରନ, କାଳ ଏଲେ ଦେଖିତେ ପାବେନ ।

ଅବିନାଶ । ତବେ କାପିଟା ଆପନାର କାହେ ରୈଲ ।

ହେମନ୍ତ । ଆମାର କାହେ, କମ୍ପୋଜିଟାରେର କାହେ ରୈଲ ।

ଅବିନାଶ । ଆଜେ ତାଇ ;

ଅନ୍ତର ।

ହେମନ୍ତ । ରାମକୁମାର ତୁମି ଯେ ବୌଦରେର ମତ ଦୀର୍ଘରେ  
ରହିଲେ ? ଯାଉ କମ୍ପୋଜ କରଗେ !

ରାମକୁମାର । ଏହି କି ଥିବରେ କାଗଜେର କାପି ?

ହେମନ୍ତ । ହଁ, ହଁ, ହଁ, ଆମାର ଲେଖାଓ ଯା ଆର ଆର  
ଏକଜନେର ଲେଖାଓ ତା, ଆମି ଯଥିନ ଦାଯିତ୍ୱ ନିଚି ତଥିନ ତୋମାର  
ଆର ଭାବନା କି ? ଏ ତୋମାର ଶାଲଗ୍ରାମେର ମକୋଦମା ନହେ ।

ରାମକୁମାର । ସେଟୋଓ ଭାଲ ଛିଲ ।

ଅନ୍ତର ।

৩২-

## বিজ্ঞান বাবু।

হেমন্ত। সম্পাদক হওয়া ভাল নহে, ইতুর লোকের  
সহিত অনেক কথা কৈতে হয় আমি একাজ আৱ স্বীকাৰ  
কৰবো না।

প্ৰস্থান।

মাধুন ও নগেন্দ্ৰের প্ৰবেশ।

মাধুন। Science কলিৱ দেবতা; আপনাদেৱ টুচিত  
শক্তিৱ পূজা না কৱে Science মহাশক্তিৱ পূজা কৱা।  
নগেন্দ্ৰ বাবু! আপনি দেখবেন in time আপনাদেৱ পুত্ৰ  
কল্যাৰ বিবাহও Science এ হ'বে।

নগেন্দ্ৰ। আপনাদেৱ বিজ্ঞান বিকাশনী সভাৱ এবাৰ  
কোন Subject এ Lecture দেবেন?

মাধুন। মৃত্যুৱ পৰ জীবেৱ পুনৰ্জীৱন হ'তে পাৱে কি  
না?

নগেন্দ্ৰ। আপনাৱ Subject টি বড় সুন্দৰ ও interesting  
হ'বে? কৰে Lecture দেবেন? আপনাৱ data কি?

মাধুন। আপনি Science পড়ছেন না? আপনাৱ মুখ  
হ'তে একুপ Foolish meaningless কথা নিৰ্গত হ'বে  
তা আমাৱ একদিনেৱ জন্মও ঘনে হয় নাহি। আপনি  
interesting বল্লেন কেমন কৱে? যেটা সত্য সে আবাৱ  
interesting কি? আমি সোমবাৱ the 16th instant  
এ কলিকাতাৱ light and elite এৱ নিকট আমাৱ এই  
গতীৱ গবেষণাৱ পৱিচয় প্ৰাদান কৰবো। আমি আপনাকে ও  
more specially আমাৱ friend Mrs. Bose কে সেই

occasion এ present থাকতে অনুরোধ করি। শুনন  
আমাৱ data Science nothing but science.

নগেন্দ্ৰ। আমাকে excuse কৰবেন ; আমি আপনাৱ  
Lecture day তে Mrs. Bose কে সঙ্গে কৰে নিয়ে যাব।  
আমাৱ একটি request আছে।

মাথন। কি বলুন ?

নগেন্দ্ৰ। আপনাৱ lecture টা পড়া হলে copy টা  
ষদি আমায় দেন তা হ'লে আমি ওটা আমাৱ কাগজে pub-  
lish কৰে দি, বাঙালা সংবাদ পত্ৰে ওকলপ প্ৰকাশিত  
হ'লে পঙ্গপালেৱ শ্যায় গ্ৰাহক ছুটে আসবে ; আমাৱও কিছু  
লাভ হ'তে পাৰে।

মাথন। আজ কাল বাঙালা News paper এও কি  
বিজ্ঞানেৱ আন্দোলন হ'চে ?

নগেন্দ্ৰ। অত্যন্ত অধিক।

মাথন। আমি সেই বিজ্ঞান আবিষ্কৃতাকে শত ধন্ত-  
বাদ দি।

আক্ষিকা বেশে হেমন্ত কুমাৰীৰ প্ৰবেশ।

হেমন্ত। (যড়ি খুলিয়া) মাথন বাবু ! আমাকে excuse  
কৰবেন, আমি engagement ঠিক্ রাখতে পাৰি নাই।  
আমাৱ একটি European friend আমাকে তাৱে private  
chamber এ বসিয়ে দেৱি কৰে দিলেন।

মাথন। oh ! never mind ; ইঝা আপনি দে দিন  
বিবাহেৱ কথা কি বলছিলেন ?

হেমন্ত। সে কথার আলোচনা chamber এ বসে  
হ'বে; এখন চলুন একটু evening walk করে আসা যাক।  
আমার সেই European friend আমাকে তাঁর গাড়ি ধানি  
kindly lent করেছেন। Nagendra Baboo তুমি  
একটু wait কর। আর, আমার নামে যদি কোন চিটি  
আমে সে দিন কার মত তুমি তাহা খুলো না। আমি  
তোমাকে বলছি English law তে এমন কিছুই নাই বে  
husband, wife এর চিটি খুলে পড়তে পারে। এখন  
আমরা চলো।

মাথন লাল ও হেমন্ত কুমারীর অস্থান।

নগেন্ত্র। শিক্ষিতা স্ত্রী চরিত্র কি জন্ম ! যে স্ত্রী পরিণয়  
শূলকে আবক্ষ হয়েও স্থামীর বিনা অনুমতিতে গোপনে  
বিহার করে তাহার চরিত্র কি ভয়ানক ! কি সন্দেহ জনক !  
হেমন্ত সত্যই কি কৃ-পথাবলম্বী ! না না, একধা  
কথনই মনে স্থান পায় না; হেমন্ত আমার সতী সাবিত্রী;  
ইংরাজ মহলে তার যে এত আলাপ সে কেবল কালেজে  
পড়ার জন্য বৈত নহে, এতে তার চরিত্র সম্বন্ধে আমি  
কোন প্রকারে সন্দেহ কর্তে পারি না। (পেরিক্রমণ করিতে  
করিতে) আমার দুরদৃষ্টি বশতঃই আমি বিজ্ঞান শিক্ষা  
করেছি; আমি মাথনের সঙ্গে পরিণয় করে জলন্ত অনলে  
হেমন্ত কুমারীকে আভাসি প্রদান করেছি; সোনার কমল  
চণ্ডালের হস্তে অর্পণ করেছি। হায় ; কেন বিজ্ঞান শিক্ষায়  
আমার ইচ্ছা হলো ? বিজ্ঞান কর্মনাশ পার হক্ক। আমি

বিজ্ঞান বিজ্ঞান করে তোমার কোন কার্যই শুনি নাই,  
কিন্তু আমি তোমাকে আণ অপেক্ষা ভাল বাসি, তোমার  
শত সহস্র দোষ সত্ত্বেও আমি তোমাকে ভাল বাসি। তবু  
বলি তুমি আমার! হেমন্ত তুমি আমার! আমি সংসার  
ত্যাগ করে পারি তবু তোমার ত্যায় সুরূপা স্ত্রীকে আমি  
পরিত্যাগ কর্তে পারি নাই। হেমন্ত! একবার বল তুমি  
আমার; শুনেও আমি শুধু প্রাণ ত্যাগ করি। যাই দেখিগে  
তারা কোথায়?

প্রস্থান।

### দ্বিতীয় গভর্নক।

মাথন লালের বৈঠকখানা।

মাথন লাল ও হেমন্ত কুমারী।

হেমন্ত। আপনার অনুমান সত্য, আমি এ সম্বন্ধে  
কথনই স্বীকার করি নাই। কালেজে পড়বার সময় আমি  
আমার জীবন যৌবন বা জীবন যৌবনের ছায়া মাত্র এক-  
অনকে অর্পণ করে ছিলাম; সে মূর্খ বুঝতে না পেরে  
কিছু দিন তার আদর করে আবার আমায় ক্রিয়ে দিলে,  
সেই অভিযানে, ক্রোধে, শোকে আমি ইহা স্বীকার করি।  
এ স্বীকারেও একটা সুন্দর contract আছে সেই contract  
অনুসারে আজ আমি Mackenzie Lyall এর highest

bidder এ আমাৰ দেহ বিক্ৰয় কৰিবো; যদি আপনাৰ শ্বাস  
ক্ৰেতা পাই I would be only happy.

মাথন। বিবাহে আমাৰ তাত্ত্ব ইচ্ছা নাই or else I  
would have taken a chance, তবে তোমাৰ শ্বাস  
সুশিক্ষিতা স্তৰী যদি সাংসাৱে আমাৰ সহায় হয়, তাহা হ'লে  
আমাৰ যত objection আছে সকল গুলিই might go  
to the walls.

রামকান্ত বাবুৰ প্ৰবেশ।

রামকান্ত। Good morning Mrs. Bose, Good  
morning Mr. Mookerjea.

মাথন। আসুন, আপনাৰ Practice কেমন চলচে ?

রামকান্ত। Science শেখা অবধি client এৱং number  
দিন দিন swell কচে।

মাথন। Very glad to hear.

রামকান্ত। আপনাদেৱ বিবাহেৰ কথা শুনছিলাম না।

মাথন। বিবাহেৰ idea ই আমি একবাৱে give up  
কৰেছি।

হেমন্ত। সত্য নাকি ?

মাথন। প্ৰায় বটে, তবে তোমাৰ সম্বন্ধে একটু think  
কৰিবো।

রামকান্ত। আপনি কি সকল প্ৰকাৱ বিবাহেৰ idea  
ত্যাগ কৰেছেন।

মাথন। হী।

ରାମକାନ୍ତ । କି କି ?

ମାଧ୍ୟମ । କୁମାରୀ ବିବାହ, ବିଧବୀ ବିବାହ, ଗାନ୍ଧର୍ଜ ବିବାହ ।

ରାମକାନ୍ତ । ଆପଣି ଯେ ସକଳ ବିବାହେର କଥା ବଲ୍ଲେନ  
ସକଳ ଗୁଲିହି ତ୍ୟାଗ କରା ଉଚିତ ? କାରଣ ପ୍ରଥମଟି ବିଜ୍ଞାନ,  
ବିକ୍ରନ୍ତ, ଦ୍ୱିତୀୟଟି ଶାନ୍ତି ନିଷିଦ୍ଧ, ତୃତୀୟଟି ସମାଜ ବିକ୍ରନ୍ତ ; କିନ୍ତୁ  
ଏହି ସଂକଳ ଦୋଷ ବର୍ଜିତ ଯଦି କୋନ ପ୍ରକାର ବିବାହ ଥାକେ  
. ତାହାରେ ଆପଣି ସ୍ଵୀକାର କରେ ପାରେନ କି ନା ?

ମାଧ୍ୟମ । Oh yes, ବିଶେଷତଃ ଆମି ଯାକେ heartily  
ଡାଲିଦାସି ତାକେ ଯଦି ପାଇ ।

ରାମକାନ୍ତ । ଆପଣି ଅଞ୍ଚୌକାର କଲେନ ?

ମାଧ୍ୟମ । ହଁ ।

ରାମକାନ୍ତ । ଯଦି ଆପନାର କୋମ ଧାଧା ନା ଥାକେ ତବେ  
ତାହାର ନାମ ଜିଜ୍ଞାସା କରେ ପାରି କି ?

ମାଧ୍ୟମ । ଆମାର ଯେ ଆପଣି ପୂର୍ବେ ଛିଲ ମେ ଆପଣି  
ଏଥନ ନାହିଁ, ତାହି ଆମି ଆପନାର ନିକଟ ପ୍ରକାଶ କରି, ତୁମ  
ନାମ ଶ୍ରୀମତି ହେମତ କୁମାରୀ ।

ରାମକାନ୍ତ । (ଜନାନ୍ତିକେ ହେମତ କୁମାରୀର ପ୍ରତି) ଆପଣି  
ଏତେ ସ୍ଵୀକାର ଆଚେନ ।

ହେମତ । (ଜନାନ୍ତିକେ) ଆମି ବିବାହ କରେଛି ବଟେ, କିନ୍ତୁ  
ଆମାର ମେ ବିବାହ purely western ଅର୍ଥାତ୍ ସାମୟିକ,  
ଆମି ମେ ବିବାହ ବାତିଲ ବା ନାମଙ୍ଗୁର କରେ ପାରି ଓ ପ୍ରତ୍ୱତ  
ଆଛି ; କାରଣ ଆମାର husband ଆମାର ନିକଟେ ନାହିଁ !

ରାମକାନ୍ତ । ମାଧ୍ୟମ ବାବୁ ! ଆଈନ ଯତେ ଆପଣି ସଧବା

বিবাহ কর্তে পারেন, তার বিপক্ষে শাস্ত্রে কোন কথাই  
নাই। আপনি সধবা বিবাহ করুণ, শাস্ত্র আপনার হিকে  
এক দৃষ্টে চেয়ে থাকবে মাত্র, কোন কথা বলবার ক্ষমতা  
থাকবে না।

মাধব। আমি বিবাহ কল্পে বিজ্ঞানের কোন অনিষ্ট  
হ'তে পারে ?

রামকান্ত। কোন সম্ভাবনা নাই ; তবে যদি আপনার  
আশক্ত হয় আপনি আমেরিকার বিদ্যাত বিজ্ঞানবিং পশ্চিম  
Voxley র মত নিতে পারেন ; তিনি আমাদের আচার্য  
স্মৃতিরাং তার মত নিলে আর কোন বাধা মন মধ্যে উৎপন্ন  
হবে না। বলেন ত আমি এখনই Telegraph করি।

হেমন্ত। ইহাই যুক্তি যুক্তি বটে, তোমার বিজ্ঞা-  
নের পথে আমি কষ্টক হ'তে ইচ্ছা করি না।

মাধব। A Daniel has come to judgment  
Yea a Daniel. আপনি Telegraph করুণ।

রামকান্ত। বেহারা বেহারা !

(নেপথ্য)। বাইচি বাইচি।

দায়ু বেহারার প্রবেশ।

তার ধৈ নিয়ায়।

দায়ু বেহারার প্রস্তান ও টেলিগ্রাফের ধাতা লইয়া

পুন প্রবেশ।

মাধব। (বেহারার প্রতি)। তুই বাইচি গিয়ে বল্পে।

দায়ু বেহারার প্রস্তান।

ব্রাহ্মকান্ত। (লিখিতে আরম্ভ)। What objection  
in science marrying married lady.

মাধুন। address কি দিলেন ?

ব্রাহ্মকান্ত। Dr. R. Voxley--Washington East.  
Urgent. From Makhun M. A. in Science.

হেমন্ত। এই হলেই যথেষ্ট হবে বোধ হয় ?

(কোজ বেহারার হস্তে প্রদান।)

মাধুন। Oh yes, quite—

হেমন্ত। কতক্ষণের ভিত্তির reply পাওয়া যাবে ?

ব্রাহ্মকান্ত। অন্ত সময় হলে ৬ hours লাগত কিন্তু  
এটা special বলে বোধ হয় শীঘ্র পাওয়া যাবে।

মাধুন। আর বিশেষ আমি Science এ M. A.  
আয়ুর্ব রিপোর্ট আসবে।

.ব্রাহ্মকান্ত। আপনার সঙ্গে তার পরিচয় আছে ?

মাধুন। কিছু মাত্র নহে ?

ব্রাহ্মকান্ত। তবে কিরূপে বল্লেন ?

মাধুন। Telephone এর একটা wire work করে  
বেমন তার সঙ্গে যত connection আছে সকল গুনোই  
work করে সেই বৃক্ষ science-এর একটা magnatic ক্ষমতা  
আছে—যেখানেই বে থাকুক না কেন জানতে পারা যাব।

ব্রাহ্মকান্ত। আপনারা তা হ'লে বিবাহের জন্য প্রস্তুত  
হন।

হেমন্ত। আমি প্রস্তুত আছি।

মাথন। একটু অপেক্ষা করুণ ; যদি বিধান না আসে ?  
রামকুমার। তার দায়িত্ব আমার।

মাথন। তুমি আমার প্রিয় শিষ্য শুভেচাং I cannot  
withhold your desire. এই উত্তর এসেছে।

টেলিগ্রাম লইয়া দামুর প্রবেশ

ও মাথনকে দিয়া প্রস্থান।

থবরটা কি এলো বলা যায় না, ধোলা যাক।

রামকুমার। না একটু অপেক্ষা করুণ, আমি একবার  
চোক বুজিয়ে সৈঙ্ঘরের নাম নি, তার পর আপনি খুলিবেন ;  
যদি এতে কোন প্রতিকূল কথা থাকে পরম পিতা তাহার  
অহুকূল করবেন।

চক্ষু মুদিত করিয়া উপবেশন।

এখন খুলুন (দণ্ডায়মান হইয়া)। ও হরি দয়াময়, ও  
হরি দয়াময়।

মাথন। Married lady to marry, no objection  
in Science.

রামকান্ত। বিবাহ এক্ষণে কোন মতে হ'বে ?

মাথন। মতামত এতে আমার কিছুই নাই ; বিজ্ঞানে  
যখন কোন প্রতিবন্ধ নাই তখন আমি বিবাহ করে স্বীকার  
আছি

রামকান্ত। তবে ত্রাঙ্ক মতে হোক।

মাথন। ছিঃ ছিঃ ওটা কি আবার মত ; যে মতে  
মুচিরয়ে ভাঙ্গণে বিবাহ করে, যেমতে পুত্র মাতার বিবাহ

ଦେଇ, ତାହିଁ ଭଞ୍ଚିତେ ଚୋକ ବୁଜୁଲେ ଧର୍ମ ବା ପ୍ରେମ ହସ୍ତ, ଆମି  
କି ସେଇ ଲାଙ୍ଗୁଳିହୀନ ଶୃଗାଳ ଦଲେର ମତ ନିଯେ ବିବାହ କରବ,  
କଥନିହଁ ନହେ । ଆମି Scientific ମତେ ବିବାହ କରବୋ,  
ଯେ ବିବାହ କଦାଚ null and void ହେବନା ।

ରାମକାନ୍ତ । ସେ କି ବ୍ରକ୍ଷମ ?

ମୁଖନ । Ganot ର ନୂତନ editionରେ ମତ ଅକା-  
ଶିତ ହେବେଛେ ଆମାର ସେଇ ମତ । Electricity ଯାର ଅନ୍ଧା,  
ତାର ଯାହାର ସ୍ତତ୍ତ୍ଵ, battery ଯାହାର ମାତ୍ର, ଏ ଆମାର ସେଇ  
ମତ । (ହେମନ୍ତକୁମାରୀର ପ୍ରତି) । ଚଲ ଆମରା ସେଇ ମତ  
ଅନୁଯାୟୀ ବିବାହ ଶେଷ କରେ ଆସି ।

ଉଭୟେର ଅନ୍ତରିକ୍ଷାନ ।

ରାମକାନ୍ତ । କି ଶୁଦ୍ଧେର ମିଳନ, ଏମନ ନା ହ'ଲେ କି  
ବିବାହ, କିନ୍ତୁ ହୁଦେର ବିଷୟ ଆମି ବାନ୍ଧ ହେଁବେ ଏହି ଶୁଦ୍ଧ  
ମିଳିଲେର ସମସ୍ତ ଏକବାର ଓ ଦ୍ୱିତୀୟର ନାମ କର୍ତ୍ତେ ପାଲ୍ଲେଷନ ନା ।

ମାଥନ ଓ ହେମନ୍ତକୁମାରୀର ପ୍ରବେଶ ।

ମାଥନ । ଏ ପ୍ରକ୍ରିୟା ଭାଲ କି ନା ?

ହେମନ୍ତ । ତୁମି ଯାକେ ଭାଲ ବଲେ ଦ୍ୱୀକାର କରେଛ ଆମି  
ତାର ଦୋଷ ଦେଖିତେ ପାବ କେମନ କରେ ?

କାଗଜ କଳମ ଲାଇୟା ନଗେନ୍ଦ୍ରନାଥେର

ପ୍ରବେଶ ।

ନଗେନ୍ଦ୍ର । ତୁମି ଏଥାନେ ବସେ ଆହୁ ଆର ଆମି କାଗଜ  
କଳମ ନିଯେ ଏମନ ସ୍ଥାନ ନ ହିଁ ଯେ ତୋମାର ଅନ୍ଦେଶଣ କରି ନାହିଁ ।

ରାମକାନ୍ତ । କେନ ?

নগেন্দ্র। কাগজের কাপি লিখ্বে কে ? আমাৰ কি  
আৱ কাগজ লেখবাৰ অধিকাৰ আছে ?

হেমন্ত। আমি এখন মাথন বাবুৰ পৰিণীতা স্বী  
তোমাৰ কাগজ, তোমাৰ কলম, তোমাৰ কাপি ও তোমাৰ  
সহিত সম্পর্ক আজ হতে বাইহাৰ এক মুহূৰ্ত পূৰ্ব হ'তে  
আমাৰ সহিত বিছিন্ন হয়ে গেছে।

নগেন্দ্র। সে কি হেমন্ত ! কেন হেমন্তকুমাৰী আমি  
তোমাৰ কি দোষ কৱেছি ? আমি তোমাৰ স্বামী ; স্বামী  
স্বীলোকেৱ শুলু ; আমি বৰ্তমান থাকতে—

হেমন্ত। এ পৰাশৰেৱ যত, শুভৱাঃ ঠিক শান্তসম্মত  
হয়েছে, তুমি যথন অনুপস্থিত ছিলে তখন আমি এই বিবাহ  
কৱেছি। এত দোষ তোমাৰ কিছুই নহে ; আমাৰ ইচ্ছা।

নগেন্দ্র। তোমাৰ এ ইচ্ছা কেন হ'লো, হেম ?

হেমন্ত। কেনৱ উভয় নাই। আমি তোমাকে বিবাহ  
কৱেছি। আমাৰ ইচ্ছা আমি তোমাকে ত্যাগ কল্পেম। তুমি  
জেন আজ হ'তে আমি মাথন বাবুৰ পৰিণীতা স্বী।

নগেন্দ্র। অঁয়া ওমা আমাৰ কি হ'বে ; আমি কাৰ  
জন্ম নিত্য ঘৰে আসবো। (ক্রস্ফন)

ৱামকান্ত। নগেন্দ্র বাবু ! এটা ভদ্রলোকেৱ বাড়ি,  
এটা শুশান বলে মনে কৱবে না, যে ইচ্ছা মাপিক চৌৎকাৰ  
কৰ্ত্তে পাৱেন।

নগেন্দ্র। শুশান হ'লেও বোধ হয় ভাল ছিল। এটা  
শুশান অপেক্ষাও জন্মত স্থান, এখানে জৌয়ল্লে ত্যাগ কৰ্ত্তে

ହୁଲ । ଓଗୋ ଆମାର କି ହ'ଣ ଗୋ—ଆମାର ପୋଷା ପାଥୀ କେ  
ଥିଲେ ଗୋ । (କ୍ରନ୍ତି) ।

ଗୌରହରି ଓ ଶୀତଳେର ପ୍ରଦେଶ ।

ଗୌରହରି । କି ହେବେ ? ତୁମି କାନ୍ଦଚ କେନ ?

ମାଧ୍ୟନ । ତୋମାର ଏତେ interfere କରିବାର କି ପ୍ରସ୍ତୋ-  
ଜନ ଆୟୁଷେ ? ତୁମି ଏଥାନ ହ'ତେ ଯାଉ ।

ନଗେନ୍ଦ୍ର । ଓଗୋ ଆମାର ବିଯେ କରା ମାଗ ; ବିଯେ କରେବେ  
ଆର ଛେଡ଼େ ଦେବେ ନା । (କ୍ରନ୍ତି ।)

ଶୀତଳ । ବିଯେ କରା କି ରକମ ?

ନଗେନ୍ଦ୍ର । ଛାନ୍ଦଳା ତଳାଯ ସାତ ପାକ ଦିଯେ ଏନେଛି ।

ଗୌରହରି । କଥାଟା କିଛୁ ବୁଝାତେ ପାଞ୍ଜିନି, ବ୍ୟାପାର  
ଟା କି ?

ମାଧ୍ୟନ । ବ୍ୟାପାର ଏହି, ହେମକ୍ରମାରୀ, ନଗେନ୍ଦ୍ରବାବୁର ପରି-  
ଶୀତଳ କ୍ଷୀର ; ଉନି ନଗେନ୍ଦ୍ର ବାବୁ କେ ପରିଭ୍ୟାଗ କରେ ଆଜ ଆମାଯ  
ବିବାହ କରେଛେ ।

ଗୌରହରି । ମେ କି ବେ ? ତୁହି ବଲିସ୍ କି ?

ମାଧ୍ୟନ । ହା ; I mean what I say.

ଗୌରହରି । ଓ ଶୀତଳ ବାବୁ ! ଏ କି ବିବାହ ନା—

ମାଧ୍ୟନ । ହା ବିବାହ ।

ଶୀତଳ । ଏ କି ମତେ ବିବାହ ।

ମାଧ୍ୟନ । purely scientific ମତେ; ପାଇଁ ତୋମାର  
ମତ ମୂର୍ଖ ଏବଂ ବିପକ୍ଷେ କୋନ କଥା ବଲେ ସେ ଜଣ ଏହି ଦେଖ  
ତାର ବ୍ୟବହାର ଓ ଆନିଯେଛି ।

শৌডল। সধবার কি বিবাহ হয় ?

রামকান্ত। না হয় তার শাস্ত্র কিছু আছে ? স্বীকার  
করি বিধবা বিবাহ অশাস্ত্রীয়, কুমারী বিবাহ বিজ্ঞান বিকল্প,  
কিন্তু সধবা বিবাহ সম্বন্ধে তাহার প্রতিকূল কোন কথা  
কিছু আছে ?

শৌডল। নাই বলেই কি বিবাহ হ'তে পারে ? .

মাধব। পারে না কিসে ? ঘার প্রতিকূল বা অনুকূলে  
কোন কথাই নাই তাহাই শাস্ত্র সম্মত। “মৌনঃ সম্রাত  
লক্ষণ” এটা চির প্রসিদ্ধ।

গৌরহরি। বলি বিয়েটা কি হয়ে গেছে ?

মাধব। বহুকাল।

রামকান্ত। কেবল খাঁক বাজান বাকি আছে, সেটা  
আপনিই করুণ।

মাধব। একটা formal contract কেবল বাকি আছে,  
তাই Collectorate-এ stamp এর জন্য লিখেছি, সেটা  
ঐলেই engross করে দেব ? তা হ'লেই finish। উকৌল  
বড় কেও কেটা নহে।

গৌরহরি। কুলাঙ্গার তোর দ্বারা আমার বৎশের অপ-  
মান হ'ল। যা আমার বৎশের কেহ কখন করে নাই আজ  
তোর দ্বারা তা হ'ল।

মাধব। আমার দ্বারা তোমার বৎশে মুখ উজ্জ্বল  
হ'ল। science এ M. A. পাশ তোমার বৎশে কে  
দিয়েছে ? আর বিজ্ঞানের উন্নতি করে কে কবে সধবা

বিবাহ করেছে ? কে কবে বিজ্ঞানের উজ্জ্বল মুখের gloss  
বার করেছে ?

গৌরহরি। আর তোর মুখ দেখতে চাই নাই ; তোর  
ছাই পাঁশ তোরই থাক, আমার বংশে যেন আর না  
চোকে। তুই আমার বাড়ি থেকে বের হ ; ও পাপ হওয়া  
আর আমি বাড়িতে রাখতে চাই ন।

মাধন। Photograph কি নয় ?

গৌরহরি। না। তুই আমার বাড়ি থেকে বের হ।

মাধন। মাকে একবার বৌ দেখিয়ে যাই।

গৌরহরি। তোর মা ও মন কুলাঙ্গায়ের মুখ দেখতে চায় ন।

মাধন। বলি বৌয়ের কি নহে, পরের মনের কথা  
তোমার জ্ঞানবার শক্তি নাই।

গৌরহরি। তুই! আমার বাড়িতে চুকিস নি, কুপুত্রের  
চেয়ে শৃঙ্খল গোয়াল ভাল।

মাধন। আচ্ছা তাই হ'বে আমি চলেম। Come dear  
এ সকল old fool এর কাছে থাকতে নাই।

নগেন্দ্র। হেমন্তকুমারি ! ও হেমন্তকুমারি তুমি আমাকে  
সত্তি সত্তি কি ত্যাগ করে চলে। তোমার সঙ্গে আমার  
সাধের Social Science-ও চলো।

গৌরহরি। আজ গেকে তুমি আমার তেজ্য পুত্র।  
আমি আমার বিষয় আশয় দেবত্ব করে ফেলব।

মাধন। রামকান্ত বাবু ! ন্তুন আইন থানি খুলে  
দেখত আমি বাবার তেজ্য পুত্র হ'তে পারি কি না ?

ରାମକାନ୍ତ । ନା ତା କଥନିଇ ନସ୍ତି, ତେହ୍ୟ ହ'ତେ ପାରେନ  
ଏକପ ଆଇନଏର ମର୍ମ ନହେ; ଏବ ଜଗ୍ତ ବୋଧ ହସ୍ତ ଏକଟା  
ଉକ୍ତିଲ ସମ୍ମତି ଆବଶ୍ୟକ । ଉନି ଏଥନେ ତୋମାକେ ପୁତ୍ର  
ବଳେ ଦ୍ଵୀକାର କରେନ ତା ହ'ଲେଇ ହ'ଲ ।

ଗୌରହରି । ଦୂର ହସ୍ତ—ଦୂର ହସ୍ତ,—ଏଥିନି ଆମାର ବାଡି  
ଥେକେ ବେର ହସ୍ତ ।

ନଗେନ୍ଦ୍ର । ମହାଶୟ ! ଆମାର ଉପାସ କି ହବେ, ଆମି  
କି ଆମାର ସ୍ତ୍ରୀକେ ଆର ପାବ ନା ? ହାର କେନ ଶିକ୍ଷିତା  
ସ୍ତ୍ରୀକେ ବିବାହ କରେଛିଲାମ ? କେନ ସ୍ତ୍ରୀ ସ୍ଵାଧୀନତାର ଜଗ୍ତ ବ୍ୟକ୍ତ  
ହସ୍ତେ ଛିଲାମ; କେନ ହେମତକୁମାରୀକେ ମାଧ୍ୟନେର ସଙ୍ଗେ  
ପରିଚୟ କରେ ଦିଯେ ଛିଲାମ ? ବୋଧ ହସ୍ତ ଆମାର ଶ୍ରାସ  
ହତଭାଗ୍ୟ ଏଥାନେ ଅନେକ ଆଛେନ, ତୁଁହାରୀ ଆମାର  
ଦୃଷ୍ଟାଙ୍ଗ ଦେଖେ ଶିଙ୍କା ଲାଭ କରନ ସେ ସ୍ତ୍ରୀ ସ୍ଵାଧୀନତା,  
ବା ଏକପ ଶିକ୍ଷିତା ବାଲିକାର ପରିଣୟ ଶୃଙ୍ଖଳେ ଆବଶ୍ୟ  
ହ'ସେ ସେନ କେହ କଥନ ଆର ସୋର ଶୋକାର୍ଗବେ ଝାପ ନା  
ହେନ । ସାଇ ଦେଖିଗେ ପୂଲିଶେର ସାହାଯ୍ୟ ସାହି ଏବ କୋନ  
ଉଠୁ ହସ୍ତ ।

୩୧

ସଂବାଦ ପତ୍ର ହଞ୍ଚେ ଅବିନାଶେର ଅବେଶ ।

ଅବିନାଶ । (ହେମତକୁମାରୀକେ ଦେଖିଯା) । ଏହି ସେ;  
ଏକେବାରେ ଆମାର ସର୍ବନାଶ କରେଛେନ ଅର୍ଥପୁଣ୍ଡକ କାଗଜେ  
ମୟୁଷ ପ୍ରକାଶ କରେଛେ ! ଆମି ଜିଜ୍ଞାସା କରି ଆମାର  
କାପି କାଗଜେ ପ୍ରକାଶ କରିବାର ଅଧିକାର ଆପନାର କି ଅ'ଛେ ?

হেমন্ত ! তোমার সহিত আর আমি কথা কহিতে  
ইচ্ছা করি না, কারণ আজ হ'তে কাগজের সম্পাদক আমি  
নহি, আমার প্রিয়বন্ধু বাবু নগেন্দ্র নাথ !

অবিনাশ ! কাগজের সঙ্গে আমারই বা সম্পর্ক কি ?

হেমন্ত ! সেই কল্পোজিটার কে জিজ্ঞাসা করবে ?

নগেন্দ্র ! তুমিত আমায় ছাড়লে, আবার বোর্ড থাকে  
বাও কেন ?

হেমন্ত ! আমি তোমার সহিত কথা কহিতেছি না।

অবিনাশ ! আমি সৎবাষ পত্রের নামে “বিজ্ঞাই সিং  
ত্রেকে” নালিশ করবো ?

হেমন্ত ! শতবার।

নগেন্দ্র ! হেমন্ত ! আমায় রক্ষা কর; জলন্ত অনলে  
আর মৃত্যাহতি দিও না।

• মাথন, রামকান্ত ও হেমন্ত কুমারীর প্রচার।

অবিনাশ ! আরে তুমি বাও যে ; আমার ব্যবস্থা করে  
বাও।

(নেপথ্য) তোমার সকলি এই ব-কলমে এও না হয়  
তাই হয়েছে।

অবিনাশ ! আমার দেখচি প্রতি পদে সর্বনাশ।

নগেন্দ্র ! আমার ও তাই ; তুমি বই হারিয়েছ আমিও  
শাগ হারিয়েছি ; এস তাই দুই জন মিলে এর একটা উপায়  
করা যাবুগে।

উভয়ের প্রস্তাব।

গৌরহরি। অম শিক্ষার কি বিষয়। ফল। সে শিক্ষার দোষে, এই বন্ধ বয়সে আমার কত কষ্ট তা বলে জানন যায় না। বর্তমান শিক্ষা প্রণালীর জ্যোতি আৰ্দ্ধ আমার পুত্র। হায়! সংসারে আমার আয় কত লো আছেন; বর্তমান জ্যোতি শিক্ষা প্রণালীর জ্যোতি তাহার। জ্যানি কত কষ্টই পাচ্ছেন। এই শিক্ষার প্রভাবে পুত্র, ন্পিং মাতা, ভাই ভগিকে সম্মান করে না; প্রতিবেসীকে সম্মান করে না; ঈহার জ্যোতি তাহাদের হৃদয়ে সহানুভূতির না মাত্রও নাই। হায় হায়! পুত্রবান হয়েও অপুত্রক হয়ে জীব ত্যাগ কভে হ'ল এর অপেক্ষা দুঃখের বিষয় আৱ কি আছে সমাগম বঙ্গগণ! একবার আমার অবস্থা ভাঙ করে ভেটে দেখুন। যাহারা আমার আয় হতভাগ্য তারা এই সময় হ'চে সাবধান হউন নতুবা আমার আয় শোক তাঁদের ও সকলি আছে।

ষব্দিকা পত্ন।







